মেহেরপুরে পরিবেশ রক্ষায় জনসচেতনামূলক সভা অনুষ্ঠিত

তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে মেহেরপুরে পরিবেশ রক্ষায় জনসচেতনামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বেলা ১১টার দিকে মেহেরপুর জেলা পরিবেশ অধিদপ্তরের কার্যালয়ে এ জনসচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়।

সভায় মাটি, পানি, বায়ু ও শব্দ দূষণ, বর্জ্য ব্যবস্থাপনা এবং জীববৈচিত্র্য সংরক্ষণের গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, মেহেরপুর জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক শেখ কামাল মেহেদী। প্রধান আলোচক ছিলেন মেহেরপুর সরকারি কলেজের সহকারী অধ্যাপক (পদার্থবিজ্ঞান) নিগার ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন এবং মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু।

সভায় বক্তারা বলেন, পরিবেশ রক্ষায় সবার সচেতনতা ও অংশগ্রহণ অত্যন্ত জরুরি। মাটি, পানি ও বায়ুর দূষণ রোধে ব্যক্তি ও সামাজিক উদ্যোগ একত্রে কাজ করতে হবে।